দৈনিক
জনকণ্ঠ

তারিখ ... 29 MAR 2016 ...
পৃ. 20 কলাম 2

# দিনাজপুরে স্কুল-কলেজ শিক্ষার্থীদের টার্গেট করছে জেএমবি

## শহরে এ পর্যন্ত দশটি শিক্ষা প্রতিষ্ঠান শনাক্ত

সাজেদুর রহমান শিলু, দিনাজপুর ॥ নিষিদ্ধ ঘোষিত উগ্র মৌলবাদী জঙ্গী সংগঠন জেএমবি মাদ্রাসার পাশাপাশি এবার দিনাজপুরে স্কুল-কলেজের কোমলমতি মেধাবী ছাত্রছাত্রীদের টার্গেট করে সদস্য সংগ্রহ শুরু করেছে। এমনকি সাইবার ক্যাফেগামী আধুনিক তরুণদেরও তাদের সংগঠনে নেয়ার চেষ্টা চালিয়ে যাচ্ছে। সিরিয়া, আফগানিস্তান, ইরাক ও ফিলিস্তিনে মার্কিন এবং ইসরাইল বিরোধী যুদ্ধের ভিডিও চিত্র দেখিয়ে তাদের জেহাদে সম্পৃক্ত

(১৯ পৃষ্ঠা ২ কঃ দেখুন)

## দিনাজপুরে স্কুল

(২০-এর পৃষ্ঠার পর)

হওয়ার জন্য উদ্বুদ্ধ করা হচ্ছে। গোয়েন্দা পুলিশের একটি বিশেষ দল অনুসন্ধান শেষে চাঞ্চল্যকর এসব তথ্য সংগ্রহ করেছে। শুধু শহরের ১০টি স্কুল, কলেজ ও মাদ্রাসা শনাক্ত করা হয়েছে, যেগুলোতে জেএমবি সদস্যরা ছাত্রদের দাওয়াতের মাধ্যমে সংগঠনে নেয়ার তৎপরতা চালিয়ে যাচ্ছে। পরে তাদের দেখানো হয় এসব ভিডিও চিত্র। সংগৃহীত তথ্য যাচাই-বাছাইয়ের পর তাদের গ্রেফতারের জন্য অভিযান শুরু করবে বলে জানিয়েছেন দিনাজপুর জেলা পুলিশের একটি সূত্র।

সূত্রটি জানায়, আগে জেএমবির সঙ্গে সম্পৃক্ত ছিল অশিক্ষিত জঙ্গী সদস্যরা। কিন্তু বর্তমানে তারা সংগঠিত হওয়ার জন্য নতুন কৌশল অবলম্বন করেছে। এক্ষেত্রে তাদের সঙ্গে যোগ দিয়েছে কিছু তরুণ মেধাবী শিক্ষার্থী। আগে তারা শুধু মাদ্রাসার ছাত্রদের জঙ্গী প্রশিক্ষণ দিত। কিন্তু বর্তমানে এসব মেধাবী তরুণ বিভিন্ন স্কুল, কলেজে গিয়ে কোমলমতি ছাত্রদের দাওয়াতি কর্মসূচীর মাধ্যমে জেএমবির আদর্শে তাদের অনুপ্রাণিত করার চেষ্টা করছে। এমনকি কোন কোন ক্ষেত্রে দেখানো হচ্ছে বিভিন্ন যুদ্ধের ভিডিও চিত্র। আর এসব চিত্র দেখে কোমলমতি ছাত্ররা তাদের আদর্শে অনুপ্রাণিত হচ্ছে।